FEB 21 2001
তারিখ
পৃষ্ঠা ১৬ কলাম

# বাংলা পৃথিবীর সপ্তম বৃহত্তম ভাষা

**স্টাফ রিপোর্টার** ॥ বাংলা হ পৃথিবীর সপ্তম বৃহত্তম ভাষা। এ বাংলাদেশসহ বিশ্বের ২০ কোটি মা বাংলায় কথা বলে। দক্ষিণ এশিয় হিন্দীর পরেই বাংলাভাষার স্থা লন্ডনে বাংলা হচ্ছে দ্বিতীয় বৃহত ভাষা।

সারা বিশ্বে প্রায় ছয় হাজার মাতৃভা

(২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## বাংলা পৃথিবীর সপ্তম

(১৬-এর পাতার প

রয়েছে। চীনা ভাষা পৃথিবীর সর্বোচ্চ সংখ্যক ১শ' ২৫ কোটি মানুষ কথা বলে ইংরেজী আন্তর্জাতিক ভাষা হিসাবে স্বীকৃতি পেলেও এটি দ্বিতীয় বৃহত্তম ভাষা। ইংরেজী ভাষী লোকের সংখ্যা পৃথিবীতে ৪৯ কোটি। হিন্দীর অবস্থান তৃতীয় এবং এই ভাষার মানুষের সংখ্যা ৪৭ কোটি। এছাড়া স্প্যানিশ ভাষায় ৪০ কোটি, রুশ ভাষায় ২৭ কোটি ও আরবী ভাষায় ২৩ কোটি লোক কথা বলে। অবস্থানের দিক থেকে বাংলা রয়েছে সপ্তম স্থানে এবং বাংলাভাষী মানুষের সংখ্যা বিশ্বে ২০ কোটি। এছাড়া ১৮ কোটি লোকের মাতৃভাষা পর্তুগিজ, ১২ কোটি লোকের ভাষা ফরাসি, ১২ কোটি লোকের মাতৃভাষা জাপানী, ১২ কোটি লোকের মাতৃভাষা জার্মান, ১০ কোটি লোকের মাতৃভাষা উর্দু, ৯ কোটি লোকের মাতৃভাষা পাঞ্জাবী, ৭ কোটি লোকের মাতৃভাষা কোরিয়ান, ৭ কোটি লোকের মাতৃভাষা তেলেগু, ৭ কোটি লোকের মাতৃভাষা মারাঠী এবং ৬ কোটি লোকের মাতৃভাষা জাভানীয়।

বহুভাষী লন্ডনে দ্বিতীয় বৃহত্তম ভাষা হচ্ছে বাংলা। লন্ডনের স্কুল-কলেজে ইংরেজীতে কথা বলে ৬ লাখ ৮ হাজার ৫শ' ছাত্রছাত্রী। আর বাংলায় কথা বলে ৪০ হাজার ৪শ' ছাত্রছাত্রী। লন্ডনে প্রকাশিত ভাষাভিত্তিক এক জরিপ রিপোর্টে গত বছর এই তথ্য প্রকাশ করা হয়। এছাড়া জাতীয় জাদুঘর, বাংলা একাডেমী ও দৈনিক জনকণ্ঠের রিসার্চ রেফারেন্স সেল সূত্র থেকে বিভিন্ন ভাষার অবস্থান ও বিভিন্ন ভাষার মানুষের সংখ্যা জানা গেছে।